




প্রজ্ঞাপন

যথাযোগ্য মর্যাদায় গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬ উদ্‌যাপন উপলক্ষে ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করেছেন:


তারিখ ও সময়	দিবসের কর্মসূচিসমূহ	দায়িত্বপ্রাপ্ত অফিস
২৫ মার্চ, বুধবার দিবাগত রাত	<p>২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৬ পবিত্র কুরআনখানি</p> <p>গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬ উপলক্ষে ২৫ মার্চ ২০২৬ তারিখ বুধবার দিবাগত রাতে গণহত্যায় নিহত এবং মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী বীর শহিদদের রুহের মাগফিরাতের উদ্দেশ্যে কেন্দ্রীয় মসজিদে কুরআনখানি অনুষ্ঠিত হবে।</p>	কেন্দ্রীয় মসজিদ
রাত ১০টা ৩০ মিনিট হতে ১০টা ৩১ মিনিট	<p>ব্ল্যাক-আউট</p> <p>গণহত্যা দিবস উপলক্ষে ২৫ মার্চ রাত ১০টা ৩০ মিনিট হতে ১০টা ৩১ মিনিট পর্যন্ত (১মিনিট) ক্যাম্পাসে প্রতীকী ব্ল্যাক আউট কর্মসূচি পালন করা হবে।</p>	প্রকৌশল অফিস
২৬ মার্চ, বৃহস্পতিবার সকাল ১০টা	<p>মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬ পতাকা উত্তোলন</p> <p>মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬ উদ্‌যাপন উপলক্ষে ২৬ মার্চ ২০২৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১০টায় প্রশাসন ভবনের সামনের চত্বরে জাতীয় পতাকা উত্তোলন করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. এয়াকুব আলী। এ সময় তাঁদের সাথে থাকবেন মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম ও সম্মানিত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ মনজুরুল হক। একই সময় সম্মানিত প্রভোস্টগণ নিজ-নিজ হলে অনুরূপভাবে জাতীয় পতাকা ও হল পতাকা উত্তোলন করবেন। এছাড়াও শহিদ স্মৃতিসৌধে জাতীয় ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করা হবে।</p>	এস্টেট অফিস, বিএনসিসি, রোভার ফাউন্ট গ্রুপ, জনসংযোগ অফিস
পতাকা উত্তোলন শেষে কর্মসূচির উদ্বোধন ও শোভাযাত্রা	<p>কর্মসূচির উদ্বোধন ও শোভাযাত্রা</p> <p>পতাকা উত্তোলন শেষে আনন্দের প্রতীক বেলুন উড়িয়ে দিবসের কর্মসূচির উদ্বোধন করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ। এরপর মাননীয় ভাইস চ্যান্সেলর, মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর, মাননীয় ট্রেজারার ও সম্মানিত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)-এর উপস্থিতিতে সম্মানিত ডিনবৃন্দসহ সকল অনুষদ, হল, বিভাগ, সকল পর্যায়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রী, বিভিন্ন সমিতি, পরিষদ ও ফোরাম, বিভিন্ন ক্রীড়াশীল ছাত্র সংগঠন এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের অংশগ্রহণে প্রশাসন ভবন চত্বর হতে এক শোভাযাত্রা ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শহীদ স্মৃতিসৌধে সমবেত হবে।</p>	উদ্‌যাপন কমিটি, প্রক্টোরিয়াল বডি, বিএনসিসি ও রোভার ফাউন্ট গ্রুপ
শোভাযাত্রা শেষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন	<p>শ্রদ্ধাঞ্জলি নিবেদন</p> <p>শোভাযাত্রা শেষে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ শহিদ স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করবেন। এ সময় তাঁর সাথে থাকবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. এয়াকুব আলী, মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম ও সম্মানিত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ মনজুরুল হক। এরপর পর্যায়ক্রমে বিভিন্ন সমিতি, পরিষদ/ফোরাম, অনুষদ, হল, বিভাগ, ছাত্র সংগঠন এবং সামাজিক-সাংস্কৃতিক সংগঠন পর্যায়ক্রমে সূক্ষ্মভাবে শহিদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন। পুষ্পস্তবক অর্পণ শেষে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ১ মিনিট নিরবতা পালন এবং তাঁদের আত্মার মাগফিরাত ও শান্তি কামনায় দোয়া ও মোনাজাত করা হবে।</p> <p>এরপর মহান স্বাধীনতার ঘোষক শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, বীর উত্তম-এর প্রতি শ্রদ্ধা জানিয়ে তাঁর স্থাপিত ভিত্তিপ্রস্তরে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর। এ সময় মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর, মাননীয় ট্রেজারার ও সম্মানিত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) তাঁর সাথে থাকবেন। পুষ্পস্তবক অর্পণ শেষে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত ও শান্তি কামনায় দোয়া ও মোনাজাত করা হবে।</p>	প্রক্টোরিয়াল বডি, উদ্‌যাপন কমিটি, বিএনসিসি, রোভার ফাউন্ট গ্রুপ ও কেন্দ্রীয় মসজিদ

তারিখ ও সময়	দিবসের কর্মসূচিসমূহ	দায়িত্বপ্রাপ্ত অফিস
বাদ যোহর দোয়া ও মোনাজাত	<p>দোয়া ও মোনাজাত</p> <p>মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী বীর শহিদদের রুহের মাগফিরাতের উদ্দেশ্যে ২৬ মার্চ বাদ যোহর কেন্দ্রীয় মসজিদ, আবাসিক এলাকার মসজিদ এবং হল মসজিদসমূহে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে।</p> <p>গাড়ির সময়সূচি</p> <p>২৬ মার্চ বৃহস্পতিবার সকাল ৮:৩০ টায় কুষ্টিয়া, ঝিনাইদহ এবং শৈলকুপা হতে নির্ধারিত ব্রুটে প্রয়োজনীয় সংখ্যক বাস ক্যাম্পাসে আসবে এবং অনুষ্ঠান শেষে ক্যাম্পাস ছেড়ে যাবে।</p>	<p>সংশ্লিষ্ট মসজিদসমূহ</p> <p>পরিবহন অফিস</p>

ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আয়োজিত উপর্যুক্ত কর্মসূচিসমূহে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।


১১.০৩.২০২৬

(প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ)
ভাইস চ্যান্সেলর
ইসলামী বিশ্ববিদ্যালয় বাংলাদেশ
কুষ্টিয়া-৭০০৩


১১/০৩/২৬

(প্রফেসর ড. মোঃ রুকুন ইসলাম)
আরবী ভাষা ও সাহিত্য বিভাগ
৩

আস্থায়ক
মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬ উদযাপন কমিটি
ইসলামী বিশ্ববিদ্যালয় বাংলাদেশ
কুষ্টিয়া-৭০০৩